স্নাতক পাঠক্রম

(বি. ডি. পি.)

শিক্ষাবর্ষান্ত পরীক্ষা — ডিসেম্বর, ২০১১ ও জুন, ২০১২

ঐচ্ছিক পাঠক্রম

বাংলা

প্রথম পত্র

সময় ঃ চার ঘণ্টা **পূর্ণমান ঃ ১০০**

(মানের গুরুত্ব ঃ ৭০%)

পরিমিত ও যথাযথ উত্তরের জন্য বিশেষ মূল্য দেওয়া হবে। অশুদ্ধ বানান, অপরিচ্ছন্নতা এবং অপরিষ্কার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বর কেটে নেওয়া হবে। উপান্তে প্রশ্নের মূল্যমান সূচিত আছে।

১। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দিন ঃ ২০ × ২ = ৪০

(ক) মৈথিলি বা ব্রজবুলিতে পদরচনা করেও বিদ্যাপতি কি কারণে বাংলা সাহিত্যে গুরুত্বপূর্ণ স্থান অধিকার করে আছেন আলোচনা করুন।

(খ) চণ্ডীমঙ্গলের কবিদের পরিচয় দিয়ে, মুকুন্দ চক্রবর্ত্তীর অনন্যতার পরিচয় দিন।

(গ) আরাকান রাজসভার কবিগোষ্ঠীর পরিচয় দিয়ে বাংলা সাহিত্যে তাঁদের অবদান নির্ণয় করুন।

(ঘ) বাংলা গদ্যে কালীপ্রসন্ন সিংহ এবং প্যারীচাঁদ মিত্রের গুরুত্ব বিশ্লেষণ করুন।

(ঙ) বাংলা নাটকে দ্বিজেন্দ্রলাল রায়ের অবদান সম্বন্ধে আলোচনা করুন।

(চ) বাংলা উপন্যাসে স্বর্ণকুমারী দেবীর বিশিষ্ট অবদান সম্বন্ধে আলোচনা করুন।

২। যে-কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দিন ঃ ১২ × ৩ = ৩৬

(ক) বাংলা ছোটগল্পে রবীন্দ্রনাথের অবদান বিশ্লেষণ করুন।

(খ) বাংলা কাব্যে নজরুলের অনন্যতা নির্ণয় করুন।

(গ) বাংলা প্রবন্ধ-নিবন্ধে রামেন্দ্রসুন্দরের কৃতিত্ব নিরূপণ করুন।

(ঘ) বাংলা উপন্যাসে শরৎচন্দ্রের স্থান নির্দেশ করে, তাঁর জনপ্রিয়তার কারণ বিশ্লেষণ করুন।

(ঙ) বাংলা উপন্যাসের রূপ ও রীতিতে মানিক বন্দ্যোপাধ্যায়ের অবদানের গুরুত্ব নির্ণয় করুন।

(চ) বঙ্গসাহিত্যে মধুসূদনের আখ্যানকাব্য-মহাকাব্যগুলির স্থান নির্দেশ করুন।

(ছ) 'কেবল চৈতন্যজীবনী হিসেবেই নয়, কৃষ্ণদাসের, 'শ্রীচৈতন্যচরিতামৃত' বঙ্গসাহিত্যের এক অবিস্মরণীয় রচনা' — আলোচনা করুন।

(জ) রবীন্দ্রনাথের 'কালান্তর' এবং সুনীতিকুমারের 'যুগান্তর' কোন্ সময় এবং কোন্ জনগোষ্ঠীর আগমনকে চিহ্নিত করেছে ? মন্তব্য দুটির পার্থক্য কোথায় ? 'যুগান্তরের' লেখক-নির্দিষ্ট এগারোটি বৈশিষ্ট্যের উল্লেখ করুন।

২ + ৩ + ৭

৩। যে-কোনো **চারটি** প্রসঙ্গে সংক্ষিপ্ত আলোচনা করুন ঃ

৬ × ৪ = ২৪

(ক) 'বঙ্গ' শব্দটির উদ্ভব ও প্রয়োগ নিয়ে গবেষকদের মতামত

(খ) মনের মানুষ এবং গগন হরকরা

(গ) বাংলা শব্দভাণ্ডারে ১২টি পর্তুগীজ শব্দ

(ঘ) গেরাসিম লেবেডফ

(ঙ) অদ্ভুত আচার্য

(চ) জমিদার দর্পণ

(ছ) কবীন্দ্র বচন সমুচ্চয়

(জ) মজমউল বহৈরৈন্।

(ঝ) ইউসুফ জোলেখা।